



স্বাস্থ্য বিধি সংক্রান্ত নির্দেশনা (সংশোধিত)

- ১। সরকার কর্তৃক জারিকৃত সকল স্বাস্থ্য বিধি ও নির্দেশনা অবশ্যই মেনে চলা।
- ২। নিজ বাসস্থানের বাইরে, কুয়েট ক্যাম্পাসের যে কোন স্থানে ও অফিসে কাজ করার সময় সর্বাবস্থায় অবশ্যই মাস্ক পরিধান করা ও পারস্পরিক ন্যূনতম ৬ ফুট (যানবাহনে বসার সময় ন্যূনতম ৩ ফুট) শারীরিক দূরত্ব বজায় রাখা।
- ৩। কুয়েটের সকল বিভাগ/দপ্তর/শাখা স্বাস্থ্য বিধি মেনে কর্তৃপক্ষের অনুমতিক্রমে সীমিত আকারে খোলা রাখা ও শতকরা ২৫ ভাগের বেশী শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী একই সময়ে অফিসে স্ব-শরীরে উপস্থিত না হওয়া।
- ৪। কুয়েটের সকল দপ্তর/বিভাগ/শাখায় স্বাস্থ্য বিধি সংক্রান্ত প্রয়োজনীয় সরঞ্জামাদি যেমন: সাবান-পানি/স্যানিটাইজার, গগলস/ফেস সিল্ড, মাস্ক, থার্মাল স্ক্যানার/থার্মোমিটার ইত্যাদির ব্যবহার নিশ্চিত করা।
- ৫। বিভাগ/দপ্তর/শাখা প্রধানের অনুমতি ব্যতীত ক্যাম্পাসের বাইরে থেকে অফিসে আগমন না করা। অনুমতিক্রমে অফিসে উপস্থিত হয়ে প্রয়োজনীয় কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করে দ্রুত নিজ বাসস্থানে গমন করা। প্রয়োজনে অফিসের বিভিন্ন কার্যক্রম/অনলাইন ক্লাস নিজ বাসায় অবস্থান করে সম্পন্ন করা।
- ৬। ঝুঁকিপূর্ণ ব্যক্তি, অসুস্থ (জ্বর/ঠাণ্ডা/কাশি ইত্যাদি) ও সন্তান সম্ভবা নারীগণ কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত থাকা।
- ৭। কুয়েট ক্যাম্পাসের সকল দপ্তর/বিভাগ/শাখা ও আবাসিক এলাকায় গৃহকর্মীসহ অন্যান্য বহিরাগতদের আসা-যাওয়া বন্ধ রাখা। অত্যাৱশ্যকীয় প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমতি নেয়া।
- ৮। জরুরী ও অত্যাৱশ্যকীয় ক্ষেত্রে ব্যতীত সকল সভা অনলাইন-এ আয়োজন করা।
- ৯। কুয়েট ক্যাম্পাসের যে কোন স্থানে জড়ো হওয়া যেমন- সভা সমাবেশ, গণজমায়েত, অনুষ্ঠান, খেলাধুলা, যে কোন প্রকার আড্ডা, পিকনিক ইত্যাদি বন্ধ রাখা।
- ১০। কুয়েটের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী ও তাঁদের পরিবারবর্গ ক্যাম্পাসের বাহির/ভিতর এর নিজ আবাসস্থলে বিদেশ/বাংলাদেশ-এর যে কোন এলাকা থেকে আগমন করতে চাইলে কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করা ও আগমনের দিন হতে অবশ্যই ১৪ দিন কোয়ারেন্টাইনে থাকা।
- ১১। কুয়েটের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কোন অবস্থাতেই কর্মস্থল ত্যাগ না করা।
- ১২। যদি কারও করোনা উপসর্গসমূহের যে কোন একটি প্রকাশ পায় যেমন- জ্বর, সর্দি, কাশি, গলাব্যথা, শ্বাসকষ্ট ইত্যাদি তাহলে অতিক্রান্ত ডাক্তারের পরামর্শ নেয়া, নিজেকে অবশ্যই আইসোলেশনে/কোয়ারেন্টাইনে রাখা ও কর্তৃপক্ষকে অবহিত করা।
- ১৩। অতীত জরুরী প্রয়োজন ছাড়া ঝুঁকিপূর্ণ জায়গা (যেমন বাজার)-এ গমন করা থেকে বিরত থাকা ও সকলেই নিজ নিজ বাসায় অবস্থান করা।
- ১৪। নিজ পরিবারের সদস্য ব্যতীত অন্য কাউকে নিয়ে সাইকেল/মোটর সাইকেল/রিক্সা উঠা থেকে বিরত থাকা।
- ১৫। কুয়েটের নিজস্ব যানবাহন ব্যতীত অন্য যে কোন যানবাহন (গাড়ী/মাইক্রো/প্রাইভেট কার) ক্যাম্পাসের ভিতর প্রবেশ করানো থেকে বিরত রাখা। বিশেষ প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমতি নেয়া।
- ১৬। করোনাভাইরাস প্রতিরোধে ভিটামিন 'সি' সমৃদ্ধ, জিংক সমৃদ্ধ ও ম্যাগনেশিয়াম সমৃদ্ধ খাবার পর্যাণ্ড পরিমাণে খাওয়া। প্রচুর পরিমাণে পানি পান করা। প্রক্রিয়াজাত পানীয় ও খাবার, চর্বিযুক্ত খাবার, ফাস্ট ফুড পরিহার করা। পর্যাণ্ড বিশ্রাম নেওয়া ও নিয়মিত ব্যায়াম করা। সম্ভব হলে দৈনিক ৩০ মিনিট রোদে থাকা।
- ১৭। কুয়েটের সকল বিভাগ/দপ্তর/শাখা ও আবাসিক এলাকার সকলেই স্বাস্থ্য বিধিসমূহ মেনে চলছে কিনা তা ভিজিলেন্স টিম গঠনের মাধ্যমে মনিটরিং করা।
- ১৮। স্বাস্থ্য বিধি সংক্রান্ত যে কোন অভিযোগ/পরামর্শ নিরাপত্তা শাখায় অবহিত করা (জনাব সাদেক হোসেন প্রামানিক, নিরাপত্তা কর্মকর্তা, নিরাপত্তা শাখা। মোবাইল নং-০১৯৫১৪৮৪২৫৫/০১৫২১২৪৮৩৮৪, পিএবিএক্স-১২৭)

স্বাক্ষর